

জ্বালানি নিরীক্ষক সনদ পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা:

- ❖ বিদ্যুৎ ও জ্বালানি সংক্রান্ত বিষয়ে অন্যান্য ২ (দুই) বৎসরের কর্ম অভিজ্ঞতাসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রকৌশল বা স্থাপত্য বিষয়ে স্নাতক ডিগ্রি;
- ❖ বিদ্যুৎ ও জ্বালানি সংক্রান্ত বিষয়ে অন্যান্য ১ (এক) বৎসরের কর্ম অভিজ্ঞতাসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রকৌশল বা স্থাপত্য বিষয়ে স্নাতকসহ প্রকৌশল অথবা ব্যবস্থাপনা বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি;
- ❖ বিদ্যুৎ ও জ্বালানি সংক্রান্ত বিষয়ে অন্যান্য ৩ (তিন) বৎসরের কর্ম অভিজ্ঞতাসহ পদার্থ বিদ্যা, গণিত শাস্ত্র, রসায়ন শাস্ত্র বা সংশ্লিষ্ট যে কোনো ফলিত বিজ্ঞান বিষয়ে স্নাতকসহ নবায়নযোগ্য বা বিকল্প জ্বালানি বা টেকসই জ্বালানি বা জ্বালানি ব্যবস্থাপনা বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা
- ❖ বিদ্যুৎ ও জ্বালানি সংক্রান্ত বিষয়ে অন্যান্য ৬ (ছয়) বৎসরের কর্ম অভিজ্ঞতাসহ কোনো স্বীকৃত পলিটেকনিক ইনস্টিটিউট হইতে প্রকৌশল বা স্থাপত্য বিষয়ে ডিপ্লোমা।

আবেদন সংক্রান্ত নিয়মাবলী:

পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী যথাযথ যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের “টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ” এর অনুকূলে তফসিলি ব্যাংক এর যেকোনো শাখা থেকে ২০০০/- (দুই হাজার) টাকা আবেদন ফি এবং ১০,০০০/- (দশ হাজার) টাকা পরীক্ষা ফি বাবদ মোট ১২,০০০/- (বারো হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) এর মূলকপি আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে। বিস্তারিত তথ্য সম্বলিত বিজ্ঞাপন ও আবেদন ফরম স্রেডার ওয়েবসাইটে (www.sreda.gov.bd) পাওয়া যাবে।

জ্বালানি নিরীক্ষকের দায়িত্ব:

- ডেজিগনেটেড কঞ্জুমারের স্থাপনায় এবং ক্ষুদ্র শিল্প ও মাঝারি শিল্প স্থাপনায় জ্বালানি নিরীক্ষা প্রবিধানমালা-২০২৩ এ নির্দিষ্ট ফরম অনুসারে জ্বালানি নিরীক্ষা প্রতিবেদন প্রস্তুত করা;
- ব্যয়-হাস, কার্বন ফুটপ্রিন্ট হাস, ব্যবসায়িক প্রতিযোগিতায় উৎকর্ষতা ইত্যাদি বিষয়সহ জ্বালানি সংরক্ষণের সার্বিক সুফল সম্পর্কে তথ্য প্রদানের মাধ্যমে গ্রাহককে উদ্বুদ্ধ করা; এবং
- জ্বালানি সংরক্ষণ ব্যবস্থার বিষয়ে ডেজিগনেটেড কঞ্জুমারকে অবহিত করা।

জ্বালানি নিরীক্ষক সনদ পরীক্ষা

জ্বালানি নিরীক্ষা প্রবিধানমালা-২০২৩ অনুযায়ী বিদ্যুৎ ও জ্বালানি ব্যবহারকারী বিভিন্ন স্থাপনায় জ্বালানি দক্ষতা ও সাশ্রয় নিশ্চিত করার লক্ষ্যে জ্বালানি নিরীক্ষা কার্যক্রম পরিচালনা করা হবে। এ কার্যক্রম পরিচালনার জন্য টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা), জ্বালানি নিরীক্ষক সনদ প্রদানের উদ্যোগ নিয়েছে। এতদ্ উদ্দেশ্যে স্রেডা কর্তৃক জ্বালানি নিরীক্ষক সনদ পরীক্ষা গ্রহণ করা হবে। উক্ত পরীক্ষায় অংশগ্রহণের জন্য বাংলাদেশের যোগ্য নাগরিকদের কাছ থেকে আবেদন আহ্বান করা হচ্ছে।



SREDA
Sustainable and Renewable
Energy Development Authority





জ্বালানি নিরীক্ষক সনদ পরীক্ষার মাধ্যম ও পরীক্ষায় উত্তীর্ণের মানদণ্ড:

Paper No.	Duration	Marks
Paper 1	3 hrs	150
Paper 2	3 hrs	150
Paper 3	3 hrs	150
Paper 4	3 hrs	100

- জ্বালানি নিরীক্ষক সনদ পরীক্ষার মাধ্যম হবে ইংরেজি।
- প্রতিটি পেপারে উত্তীর্ণের জন্য পরীক্ষার্থীকে ন্যূনতম ৬০% নম্বর অর্জন করতে হবে।
- যদি কোনো পরীক্ষার্থী কোনো একটি বিষয়ে অনুত্তীর্ণ হন, সেক্ষেত্রে উক্ত বিষয়ের জন্য তিনি ৬ (ছয়) হাজার টাকা ফি প্রদান সাপেক্ষে সর্বোচ্চ ২ (দুই) বার উক্ত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবেন।

পরীক্ষার সিলেবাস ও প্রশ্নের ধরণ:

জ্বালানি নিরীক্ষক সনদ পরীক্ষা নিম্নোক্ত ৪ টি পেপারে বিভক্ত:

Paper 1- Fundamentals of Energy Management and Energy Audit

Paper 2- Energy Efficiency in Thermal Systems

Paper 3- Energy Efficiency in Electrical Systems

Paper 4- Energy performance assessment for Equipment and Utility Systems

পরীক্ষার সিলেবাস ও প্রস্তুতির লক্ষ্যে প্রতিটি পেপারের জন্য একটি করে মডিউল তৈরি করা হয়েছে যা স্রেডার ওয়েবসাইট (www.sreda.gov.bd) থেকে সংগ্রহ করা যাবে।

- পেপার ১,২ এবং ৩ এ MCQ, বর্ণনামূলক ও গাণিতিক প্রশ্ন থাকবে।
- পেপার ৪ open book exam হবে এবং পরীক্ষার্থীকে উপরোক্ত মডিউল-৪ পরীক্ষার দিন সাথে করে নিয়ে আসতে হবে। এই পেপারেও MCQ, বর্ণনামূলক ও গাণিতিক প্রশ্ন থাকবে।

“সাশ্রয়ে জ্বালানি সমৃদ্ধ আগামী”

পরীক্ষার প্রস্তাবিত সময় সূচি:

Day	Time (Approximate)	Paper
1	2PM-5PM	Paper 1
2	2PM-5PM	Paper 2
3	2PM-5PM	Paper 3
4	2PM-5PM	Paper 4

* পরীক্ষার তারিখ ও সময় পরবর্তীতে ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

জ্বালানি নিরীক্ষক সনদের মেয়াদ ও নবায়ন:

- জ্বালানি নিরীক্ষক সনদের মেয়াদ ৫ (পাঁচ) বছর এবং প্রতি ৫ (পাঁচ) বছর পর পর তা নবায়নযোগ্য হবে।
- জ্বালানি নিরীক্ষক সনদ নবায়নের উদ্দেশ্যে পে-অর্ডার/ডিডি এর মাধ্যমে ১০ (দশ) হাজার টাকা নবায়ন ফি সহ জ্বালানি নিরীক্ষা প্রবিধানমালা-২০১৩ এ নির্দিষ্ট ফরম অনুসারে কর্তৃপক্ষের নিকট আবেদন করতে হবে। আবেদন প্রাপ্তির পর কর্তৃপক্ষের নিকট যদি প্রতীয়মান হয় যে আবেদনকারীর পূর্ববর্তী কর্মকাণ্ড সন্তোষজনক এবং তিনি পূর্ববর্তী ৪ (চার) বছরে ন্যূনতম ৫ (পাঁচ) টি স্থাপনায় জ্বালানি নিরীক্ষা সম্পাদন করেছেন তা হলে তার জ্বালানি নিরীক্ষক সনদ নবায়ন যোগ্য হবে।

